

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৭৭৭

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৪

কল্যাণ সমিতি ক্লাবের রক্তদান শিবির ও শিশু উৎসব-২০২৪

শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশে শিশু উৎসবের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে : মুখ্যমন্ত্রী

শিশুরা হচ্ছে দেশের ভবিষ্যৎ। প্রত্যেক শিশুর মধ্যেই সুপ্ত প্রতিভা রয়েছে। শিশুদের প্রতিভা বিকাশে তাদের সর্বোত্তম শিক্ষা গ্রহণের উপর অভিভাবকদের বিশেষভাবে গুরুত্ব আরোপ করা প্রয়োজন। শিশুদের সুপ্ত প্রতিভা বিকাশে শিশু উৎসবের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ বড়োদায়ালীস্থিত কল্যাণ সমিতি ক্লাব আয়োজিত রক্তদান শিবির ও শিশু উৎসবের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, শিশুদের কাছে আমাদের দেশের সমৃদ্ধ ইতিহাসকে তুলে ধরা প্রয়োজন। পড়াশুনার পাশাপাশি শৈশব থেকে শিশুদের সাংস্কৃতিক ও খেলাধুলায় উৎসাহিত করতে হবে। এর ফলে শিশুদের মানসিক বিকাশ ও উৎকর্ষতা বৃদ্ধি পাবে। মুখ্যমন্ত্রী বলেন, পিতা মাতাদের শৈশবকালের কিছু অসম্পূর্ণ স্বপ্ন তারা তাদের সন্তানদের মাধ্যমে বাস্তবায়িত করার চেষ্টা করেন। তবে সেটা যেন গতানুগতিক না হয়। শিশুদের সর্বোত্তম শিক্ষা গ্রহণের উপরই এক্ষেত্রে অভিভাবকদের বিশেষভাবে গুরুত্ব দেওয়া প্রয়োজন।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, এখন ক্লাব সংস্কৃতিতে অনেক পরিবর্তন এসেছে। বর্তমানে ক্লাবগুলির মধ্যে সৌহার্দপূর্ণ পরিবেশ গড়ে উঠেছে। মহিলারাও ক্লাবের বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের মধ্যদিয়ে সুস্থ সমাজ গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। এলাকার স্থানীয় সমস্যা সমাধানেও ক্লাবের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। এলাকার গার্হস্থ্য সমস্যা, জমি সংক্রান্ত সমস্যা সহ বিভিন্ন সমস্যা নিরসনে ক্লাবগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। মুখ্যমন্ত্রী কল্যাণ সমিতি ক্লাবের সামাজিক কর্মকাণ্ডের ভূয়সী প্রশংসা করেন। রক্তদান সম্পর্কে মুখ্যমন্ত্রী বলেন, রক্তদানের উপরে আর কোনও দান হয়না। রক্তদানের ফলে রক্তদাতা ও রক্ত গ্রহীতার মধ্যে অদ্ভূত অনুভূতি পরিলক্ষিত হয়।

অনুষ্ঠানে আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, কর্পোরেটর অভিজিৎ মল্লিক, কর্পোরেটর সম্পা সরকার চৌধুরী, গোরখনাথ আশ্রমের মহারাজ যোগী রোহিতাস নাথ, মার্কফেডের ভাইস চেয়ারম্যান সঞ্জয় সাহা, শিশু উৎসব কমিটির চেয়ারম্যান প্রমুখ উপস্থিত ছিলেন। স্বাগত বক্তব্য রাখেন কল্যাণ সমিতি ক্লাবের সম্পাদক শ্যামল কুমার দেব। ধন্যবাদ জ্ঞাপন করেন কল্যাণ সমিতি ক্লাবের সভাপতি সুশান্ত পাল। অনুষ্ঠানে এলাকার ৪ জন বিশিষ্ট ব্যক্তিকে সংবর্ধনা দেওয়া হয়। মুখ্যমন্ত্রী তাদের হাতে স্মারক উপহার তুলে দেন। অনুষ্ঠানের শুরুতে মুখ্যমন্ত্রী সহ অতিথিগণ কল্যাণ সমিতির ক্লাবগৃহে আয়োজিত রক্তদান শিবির পরিদর্শন করেন ও রক্তদাতাদের উৎসাহিত করেন।
